

# ইবিতে বহিরাগত প্রবেশ নিষিদ্ধ, মাইকে প্রচার

প্রতিনিধি, ইবি :

: মঙ্গলবার, ১৪ মার্চ ২০২৩



ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) বহিরাগতদের প্রবেশ নিষিদ্ধ করেছে কর্তৃপক্ষ।

মঙ্গলবার (১৪ মার্চ) সকালে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক থেকে ক্যাম্পাস এলাকায় মাইকিং করে এ ঘোষণা দেওয়া হয়।

এ সময় ঘোষণায় বলা হয়, বিশ্ববিদ্যালয়ে নিরাপত্তার স্বার্থে আজ থেকে পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত ক্যাম্পাসে বহিরাগত প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ করা হয়েছে। এ ছাড়া বিশ্ববিদ্যালয় অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের সার্বক্ষণিকভাবে নিজ নিজ পরিচয়পত্র বহন করতে বলা হয়। এ নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিশ্ববিদ্যালয় প্রক্টর অধ্যাপক ড. শাহাদৎ হোসেন আজাদ বলেন, গতকাল বিশ্ববিদ্যালয়ে ঘটে যাওয়া ঘটনায় প্রশাসন অভিযুক্তদের বিরুদ্ধে মামলা করেছে। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ে নিরাপত্তা বৃদ্ধির স্বার্থে বহিরাগতদের ক্যাম্পাসে প্রবেশ নিষিদ্ধ ঘোষণা করে মাইকিং করা হচ্ছে। বহিরাগতদের প্রবেশ ঠেকাতে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকসহ অন্যান্য ফটকসমূহে

নিরাপত্তা জোরদার করা হয়েছে। এছাড়াও, গতকালের ঘটনার বিষয়ে স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সঙ্গে সন্ধ্যায় বসব।

জানা যায়, সোমবার দুপুরে মফিজ লেকে কয়েকজন শিক্ষার্থী তার বন্ধু-বান্ধবীদের সঙ্গে ক্যাম্পাসের লেকে আড্ডা দিচ্ছিলেন। সেখানে বহিরাগত স্থানীয় দুজন যুবক এসে তাদের বান্ধবীদেরসহ ভিডিও ধারণ করে। তাদেরকে ভিডিও ডিলিট করতে বললে শিক্ষার্থীদের ওপর তেড়ে আসে। এ সময় বখাটেদের সঙ্গে বাকবিতণ্ডা হলে তারা দেখে নেয়ার হুমকি দেয়। পরে বিকেলে শিক্ষার্থীরা শেখপাড়ায় বাইকে তেল নিতে গেলে স্থানীয় আকাশসহ ৪/৫ জন তাদের ওপর অতর্কিত হামলা করে।

আহত শিক্ষার্থীরা হলেন বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী সুপ্ত এবং ম্যানেজমেন্ট বিভাগের একই শিক্ষাবর্ষের শিক্ষার্থী জিসাদ। পরে সন্ধ্যা ৬টা থেকে কুষ্টিয়া-খুলনা মহাসড়ক অবরোধ ও টায়ার জ্বালিয়ে আন্দোলন করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

পরে কুষ্টিয়া জেলার অতিরিক্ত (বিশেষ শাখা) পুলিশ সুপার ফরহাদ হোসেনের আশ্বাসে আন্দোলন স্থগিত করে তারা। এরপর শিক্ষার্থীরা তাদের দাবি নিয়ে বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক ড. শেখ আবদুস সালামের বাসভবনে সাক্ষাৎ করেন। সাক্ষাৎ শেষে উপাচার্য শিক্ষার্থীদের দাবি মেনে নিয়ে দ্রুত পদক্ষেপ নিবেন বলে আশ্বাস দেন।